গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলার জানুয়ারি/ ২০২২ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মার্জিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ১০/০১/২০২২ খ্রি:।
সময় : বিকাল ৩.৩০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে ও বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করার আহবান জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :** বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। নভেম্বর/২০২১ ও ডিসেম্বর/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা :** নভেম্বর/২০২১ ও ডিসেম্বর/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

মাসের নাম	খুন	ধর্ষণ	ডাকাতি/ রাহাজানি	চুরি	বিশেষ ক্ষমতা	অস্ত্র উদ্ধার	জুয়া আইনে মামলা	নারী ও শিশু নির্যাতন অপরাধ	প্রতারণা / মানবপাচার মামলা	মাদক মামলা	বিস্ফোরক মামলা	সড়ক দুর্ঘটনা	অন্যান্য	মোট	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
ডিসেম্বর/ ২০২১	-	-	-	৩	-	-	-	৫	-	১৩	-	-	২১	৪২	
নভেম্বর/ ২০২১	১	-	-	৫	-	-	-	৩	-	২৫	-	৩	৯	৪৬	
	হ্রাস	-	-	হ্রাস	-	-	-	বৃদ্ধি	-	হ্রাস	-	হ্রাস	বৃদ্ধি	হ্রাস	

উক্ত তুলনামূলক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, নভেম্বর/২০২১ মাসে খুন -০১ টি, চুরি- ০৫ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৩ টি, মাদক মামলা -২৫ টি ও অন্যান্য-০৯ টি সহ মোট ৪৬ টি ও ডিসেম্বর/২০২১ মাসে চুরি- ০৩ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৫ টি, মাদক মামলা -১৩ টি ও অন্যান্য-২১ টি সহ মোট ৪২ টি অপরাধ সংঘটিত হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা নভেম্বর/২০২১ মাসের তুলনায় ডিসেম্বর/২০২১ মাসে কিছুটা হ্রাস পেয়েছে।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপর হতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নে : অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।

০৪. **জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনা :** সভাপতি জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনায় অংশ নিয়ে বলেন, বর্তমান অবস্থার প্রেক্ষাপটে সরকারের নির্দেশনা অনুযায়ী উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রতি শুক্রবার মসজিদে নামাজ আদায় কালে খুৎবার পূর্বে মাদকের ভয়াবহতা, জঙ্গীবাদ, সন্ত্রাস ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে পবিত্র কুরআন ও হাদিসের আলোকে ০৫ মিনিট নিয়মিত বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে অনুরোধ জানান। তাদেরকে প্রত্যেক শুক্রবার ভিন্ন ভিন্ন মসজিদে নামাজ আদায় করার জন্য অনুরোধ জানান হয়।

সিদ্ধান্ত : জঙ্গীবাদের কুফল সম্পর্কে প্রতি শুক্রবার জুম্মার নামাজের পূর্বে বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজবাড়ী,সভাপতি, ইমাম কমিটি,রাজবাড়ী এবং রাজবাড়ী সদর উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউ,পি চেয়ারম্যান।

০৫. **মাদক বিরোধী অভিযান :** জনাব শীর্ষেন্দু সাহা, পরিদর্শক, মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর, সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, রাজবাড়ী সদরের বিভিন্ন এলাকায় মাদক বিরোধী অভিযান জোরদার করা হয়েছে। রাজবাড়ী সদরে ০২ টি মামলা করা হয়েছে। অভিযান থেকে ৪৮০ পিচ

ইয়াবা উদ্ধার করা হয়েছে ও ৪ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। মাদকের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হবে মর্মে উল্লেখ করেন।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় করা হয় এমন স্পটসমূহ চিহ্নিত ও মাদকের গডফাদারদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‍্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে লাগাতার অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা, পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও সকল ইউ,পি চেয়ারম্যান।

০৬. উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয়াদি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:

সভাপতি অপরাধ চিত্র পর্যালোচনা করে বলেন যে, চলতি মাসে অপরাধ প্রবণতা কিছুটা হ্রাস পেয়েছে। তিনি উপস্থিত সকলকে নতুন বছরের শুভেচ্ছা জানান। অত:পর তিনি বলেন, আজ জাতির পিতার স্বদেশ প্রত্যাবর্তন দিবস। এদিনে তিনি শ্রদ্ধাভরে স্মরণ করেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানকে। অত:পর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬.১	জনাব মোস্তফা-আল-রাজিব সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান, গত ১ নভেম্বর/২০২১ থেকে ৩০জুন/২০২২ পর্যন্ত ৮ মাস ব্যাপী জাটকা ইলিশ সংরক্ষণ এর সময় নির্ধারণ করা হয়েছে। এ সময় ১০ ইঞ্চি এর নিচে ইলিশ মাস আহরণ, পরিবহন, মজুদ, ক্রয়-বিক্রয় নিষিদ্ধ করা হয়েছে। নদীর পাশাপাশি বিভিন্ন বাজার মনিটরিং অব্যহত থাকবে। তিনি বলেন, গোদার বাজার এলাকায় নদীতে একটি বাঁধ দেওয়া হয়েছিল। উক্ত বাঁধটি মোবাইল কোর্ট ছাড়াই আলোচনার মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। তিনি সকলকে বলেন, সকলকে একযোগে চেষ্টা করতে হবে যেন রাজবাড়ী সদরের কোথাও জাটকা পাওয়া না যায়। এছাড়া অভিভাবকরা যেন তাদের অপ্রাপ্ত বয়স্ক সন্তানদের হাতে এ্যানড্রয়েড/স্মার্ট ফোন না দেয় সে বিষয়ে সচেতনতা বাড়ানোর অনুরোধ জানান।	জাটকা আহরণ বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তথ্য দিয়ে সহযোগিতা করবেন।	উপজেলা প্রশাসন ও উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর।
৬.২	জনাব কুসুম কুমার রায়, উপজেলা আনসার ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন,গত ডিসেম্বর/২০২১ মাসে রাজবাড়ী সদর উপজেলায় ১৪ টি ইউনিয়নে ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে মোট ২১৫৯ জন আনসার সদস্য দায়িত্ব পালন করেছেন। নির্বাচন পরবর্তীতে রাজবাড়ী সদরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে।	-	-
৬.৩	জনাব নাছরিন আক্তার, উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে অনেক ইলেকট্রনিক যন্ত্রপাতি আছে। সে বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনীকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। বালু ব্যবসায়ীরা নিজেদের রাখা বালুর সাথে নদী তীরবর্তী কয়েকটি প্রাথমিক বিদ্যালয়ের পার্শ্বের বালি কেটে নিয়ে গেছে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য তিনি আইন শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানান।	এ ধরণের ঘটনায় বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ উপজেলা নির্বাহী অফিসার বরাবরে সুনির্দিষ্ট আবেদন করবেন।	উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) রাজবাড়ী সদর, রাজবাড়ী।
৬.৪	জনাব হাফেজ মো: জালাল উদ্দীন, অধ্যক্ষ, শ্রীপুর লজ্জাতুননেছা কামিল মাদ্রাসা, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, ইমামগণ প্রতি জুম্মায় খুতবার সময় বাল্যবিবাহ, মাদক ও জঙ্গীবাদ কুফল বিষয়ে আলোচনা করলে অপরাধীরা তাদের বক্তব্যে শুনলে ধর্মীয় মূল্যবোধ জাগ্রত হবে। তিনি আরো বলেন, সন্ধ্যার পর থেকেই তার প্রতিষ্ঠানের পার্শ্বে বখাটে ছেলেরা বসে মাদক সেবন করে এ বিষয়ে ব্যবস্থা নিতে আইন শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানান।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে মাদক বন্ধের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৫	জনাব শেখ গোলাম মোস্তফা বাচ্চু, চেয়ারম্যান, বানীবহ ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তিনি ইউনিয়ন পর্যায়ের ব্যবসায়ীদের ট্রেড লাইসেন্স এর বিষয়ে মোবাইল কোর্ট করতে অনুরোধ জানান। করোনাকালীন সময়ে দুঃস্থ ব্যক্তিদের ২৫০০/= (দুই হাজার পাঁচশত) টাকা প্রদানের কথা থাকলেও অনেকে এক কিস্তির টাকা পেয়েছে তালিকা অনুযায়ী সকলে পান নাই। এছাড়াও বয়স্ক ভাতা ১৫০০/= (এক হাজার পাঁচশত) টাকার স্থলে অনেকের মোবাইলে ৫০০/- (পাঁচশত) টাকা জমা	ট্রেড লাইসেন্স এর বিষয়ে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা নিতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) রাজবাড়ী সদর, রাজবাড়ী।

	হয়েছে। এ সকল বিষয়ে তিনি উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর এর মাধ্যমে এ বিষয়গুলো মনিটরিং করতে অনুরোধ জানান। গত নভেম্বর মাসে বানীবহ ইউনিয়নে আওয়ামী লীগের সভাপতি জনাব আ: লতিফ মিয়ার হত্যা মামলার অগ্রগতি সম্পর্কে অফিসার ইন-চার্জ রাজবাড়ী থানা এর নিকট জানতে চান।		
৬.৬	বীর মুক্তিযোদ্ধা, জনাব আ: জলিল, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, রাজবাড়ী সদর সভায় জাতির পিতার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে শ্রদ্ধাভরে স্মরণ করে সভায় বক্তব্য প্রদান করেন। রাজবাড়ী সদরের ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু হওয়ার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। ঢাকনা বিহীন বালির ট্রাক, রেজিষ্ট্রেশন ও হেলমেট বিহীন মোটর সাইকেল এর বিষয়ে ব্যবস্থা নিতে আইন শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ করেন।	ঢাকনা বিহীন বালির ট্রাক এবং রেজিষ্ট্রেশন ও হেলমেট বিহীন মোটর সাইকেল বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৭	জনাব আলেয়া বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি কিশোর কিশোরীদের মোবাইল ফোন ব্যবহার আসক্তি এবং এর কুফল সম্পর্কে আলোচনা করেন। এ বিষয়ে সচেতনতামূলক ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	কম বয়সী ছেলেদের মোবাইল ফোন ব্যবহার করে অনৈতিক কার্যকলাপে জড়ানোর বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর।
৬.৮	জনাব আকাশ কুমার কুন্ডু, সহকারী কমিশনার (ভূমি) রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, রাজবাড়ী সদরের ইউনিয়ন পরিষদ নির্বাচন/২০২১ কোন দুর্ঘটনা ছাড়াই সুষ্ঠু ভাবে অনুষ্ঠিত হওয়ায় সকলকে ধন্যবাদ জানান। মাদক নিয়ন্ত্রনের বিষয়ে জানানো হলে প্রয়োজন মাফিক মোবাইল কোর্ট করা হবে। মাদকসেবীরা আমাদেরই সন্তান, ভাই ও বোন তাই পরিবার থেকে সকলের আগে ব্যবস্থা নিতে হবে। প্রয়োজন হলে জাটকার বিষয়েও মোবাইল কোর্ট করা হবে।	মাদকের বিষয়ে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা নিতে হবে।	সহকারী কমিশনার (ভূমি) রাজবাড়ী সদর।
৬.৯	জনাব রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন,আজ স্বদেশ প্রত্যাবর্তন দিবস। ১৯৭২ সালের এ দিনে অর্থাৎ (১০ জানুয়ারি) পাকিস্তানের কারাগার থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশে ফিরে আসেন। তাই তাকে শ্রদ্ধাভরে স্মরণ করছি। ২৬ ডিসেম্বর রাজবাড়ী সদরের ইউনিয়ন পরিষদ নির্বাচন/২০২১ সুষ্ঠু ভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। বর্তমানে মাদকের সাথে জড়িতরা নতুন টেকনিক এপ্লাই করেন। মাদক বিক্রেতারা আমাদের সমাজেরই অংশ। তাই তাদের ভালোভাবে বোঝাতে হবে। এ বিষয়ে সরকারী উদ্যোগ গ্রহণ করা যেতে পারে যাতে এ ধরণের ব্যবসা থেকে তারা সরে আসতে পারে। তিনি আইন শৃঙ্খলা বাহিনীকে বানীবহ ইউনিয়নের আ: লতিফ মিয়ার হত্যাকান্ডের বিষয়ে দ্রুততার সাথে তদন্তের অনুরোধ জানান।	মাদকের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.১০	জনাব এ্যাডভোকেট ইমদাদুল হক বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি নির্বাচন অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ হওয়ায় সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, এবারের নির্বাচন মাঠ পর্যায়ে দেখার মতো হয়েছে। সকলে যথেষ্ট আন্তরিক ভাবে দায়িত্ব পালন করেছেন। মূলঘর ইউনিয়নে মাদক চক্র খুবই সক্রিয়। মোল্লা বাড়ীর আশে পাশে লোকজন একটা বাড়ীতে মাদক বিক্রি করেন। এ বিষয়ে ব্যবস্থা নিতে তিনি আইন- শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানান।	মাদকের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।

৭. জনাব ইফতেখার আলম খাইরুল, ওসি তদন্ত রাজবাড়ী থানা উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, প্রাথমিক বিদ্যালয়ের বালু নিয়ে যাওয়ার বিষয়ে কোন তথ্য আমাদের জানানো হয় নাই। সে কারণে কোন পদক্ষেপ গ্রহণ করা হয় নাই। হাসপাতালে ছাত্র/ছাত্রীদের কোভিড টিকা দেয়ার জন্য অনেক ভীর এর বিষয়ে জানান বর্তমানে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তাতে বর্তমানে ভীর অনেক কম। মাদকের ও সাউন্ড সিষ্টেমের বিষয়ে আমাদের জানানোর সাথে সাথে ব্যবস্থা নেওয়া হবে। মাদকের বিষয়ে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। পশ্চিম মূলঘর মাদকের বিষয়ে পূর্ণাঙ্গ ঠিকানা দিলে ব্যবস্থা নেওয়া হবে । বানীবহ ইউনিয়নের মরহম আ: লতিফ মিয়া হত্যা মামলার তদন্তের কাজ দ্রুততার সাথে করা হচ্ছে। পরিশেষে তিনি আইন- শৃঙ্খলা রক্ষার বিষয়ে সকলকে তথ্য দিয়ে সহযোগিতার জন্য অনুরোধ করেন।

সভাপতি পরিশেষে সম্পূর্ণ সভার সারমর্ম তুলে ধরেন। তিনি পড়ন্ত বিকেলে সভায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। মাদক জাতীয় সমস্যা তাই এ বিষয়ে পরিবার থেকেই সচেতনতা বাড়াতে হবে। শিক্ষার্থীদের আবৃত্তি, চিত্রাংকন, নৃত্যকলা, গান ও খেলাধূলার বিষয়ে জোর দেয়ার জন্য তিনি সকলকে অনুরোধ করেন। প্রাথমিক বিদ্যালয়ের বালি অপসারনের বিষয়ে প্রতিষ্ঠানের প্রধানকে লিখিতভাবে সুনির্দিষ্ট অভিযোগ করতে অনুরোধ করেন। এছাড়া তিনি সকলের সহযোগিতায় রাজবাড়ী সদরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সুষ্ঠু ও সুন্দর রাখার প্রত্যাশা ব্যক্ত করেন।

বিবিধ সিদ্ধান্ত :

১) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ মাদকস্পট ও মাদক কারবারীর ঠিকানা উল্লেখ করে অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানায় তালিকা দিবেন।

২) নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ট্রেড লাইসেন্স এর বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।

৩) প্রাথমিক বিদ্যালয়ের বালি অপসারনের বিষয়ে প্রতিষ্ঠানের প্রধানকে সুনির্দিষ্টভাবে লিখিত অভিযোগ করবেন।

পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মার্জিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
টেলিফোন নম্বর : ০২৪৭৮৮০৭৪৭৩
e-mail : unorajbari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০০০.০২.০০১.২০- 48 (৪০) তারিখঃ ১৭ /০১/২০২১ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী
মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী -১
ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি,রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০২। জেলা প্রশাসক, রাজবাড়ী।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইনশৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর,রাজবাড়ী।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০৪। সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ীকে উক্ত কার্যবিবরণী এ কার্যালয়ের ওয়েব পোর্টালে পরিদর্শনের জন্য অনুরোধ করা হলো।

০৫-৩৫। ....

উপদেষ্টা/সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি,রাজবাড়ী সদর,রাজবাড়ী।

Msultana 17/02/22
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।